বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# মঙ্গলকান্দি ইসলামিয়া ফাযিল (ডিগ্রী) মাদ্‌রাসা

ডাকঘর- জগতপুর, উপজেলা- তিতাস, জেলা- কুমিল্লা, বাংলাদেশ।
গভঃ রেজিঃ নং-কম ৬৪৫/৮০ইং
মাদ্‌রাসা কোডঃ ১৮২৯৩, EIIN No. 105568

সূত্র ঃ ম,ই,ফা,মা ১৬/২২ তারিখঃ......২৫/০১/২০২২খ্রিঃ........

প্রেরক,
সদস্য সচিব, গভর্নিং বডি ও
অধ্যক্ষ,
মঙ্গলকান্দি ইসলামিয়া ফাজিল মাদরাসা,
পোঃ জগতপুর, উপজেলাঃ তিতাস, জেলাঃ কুমিল্লা।

প্রতি,
নাসরিন আক্তার
পিতাঃ মোহাম্মদ আলী
মাতাঃ জায়েদা বেগম, গ্রামঃ বারহাজারী,
পোঃ মেঘনা-৩৫১৫, উপজেলাঃ মেঘনা, জেলাঃ কুমিল্লা।

বিষয়ঃ সহকারী শিক্ষক ইংরেজি পদে নিয়োগপত্র।

জনাব,

আপনি বিগত ২০/০১/২০২২খ্রি. তারিখে NTRCA সুপারিশকৃত, যার স্মারক নং ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১-৬ ও আপনার ২২/০১/২০২২ খ্রিষ্টাব্দ তারিখের আবেদনের প্রেক্ষিতে গভর্নিং বডির রেজুলেশন নং ০২/২২ তারিখঃ ২৪/০১/২০২২ এর ভিত্তিতে সরকারী বিধি মোতাবেক আপনাকে সম্পূর্ণ অস্থায়ীভাবে মঙ্গলকান্দি ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ জগতপুর, উপজেলাঃ তিতাস, জেলাঃ কুমিল্লা এর সহকারী শিক্ষক ইংরেজি পদে নিয়োগ প্রদান করা হলো। প্রয়োজনে কোন প্রকার পূর্ব নোটিশ ছাড়াই আপনাকে চাকুরীচ্যুত করা যাবে।

শর্তাবলীঃ

১। আগামী ০২/০২/২০২২খ্রি. তারিখের মধ্যে আপনাকে উপরোক্ত বর্ণিত পদে যোগদান করার জন্য অনুরোধ করা গেল। উক্ত সময়ের মধ্যে যোগদান না করলে এই নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।
২। যোগদানের তারিখ থেকে ২ বৎসর পর্যন্ত আপনি শিক্ষানবিশ হিসেবে অস্থায়ী ভাবে কর্তব্যরত থাকবেন।
৩। শিক্ষানবিশ কালে আপনার দায়িত্ব সন্তোষ জনক না হলে পুনরায় আরো ১ বৎসর অস্থায়ী ভাবে দায়িত্ব পালনের পর, আপনার চাকুরী স্থায়ী করণ করা হবে। আর আপনি শিক্ষকতায় সন্তোষ জনক অগ্রগতি প্রদর্শন করতে না পারলে গভর্নিং বডি আপনাকে যে কোন সময় চাকুরী হতে অব্যাহতি প্রদান করতে পারবেন।

২৫/০১/২০২২খ্রি.
মোঃ [illegible]
অধ্যক্ষ
মঙ্গলকান্দি ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ জগতপুর, তিতাস, কুমিল্লা।
মোবাইলঃ ০১৩০৯-১০৫৫৬৮

তারিখ ঃ ২৬/০১/২০২২খ্রি.

বরাবর,
অধ্যক্ষ
মঙ্গলকান্দি ইসলামিয়া ফাজিল মাদরাসা,
ডাকঘর ঃ জগতপুর, উপজেলা ঃ তিতাস, জেলা ঃ কুমিল্লা।

বিষয় ঃ সহকারী শিক্ষক ইংরেজি পদে যোগদান প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নাসরিন আক্তার, পিতাঃ মোহাম্মদ আলী, মাতাঃ জায়েদা বেগম, গ্রামঃ বারহাজারী, পোঃ মেঘনা-৩৫১৫, উপজেলাঃ মেঘনা, জেলাঃ কুমিল্লা। আপনার প্রেরিত নিয়োগপত্র, স্মারক নং - ম.ই.ফা.মাঃ ১৬/২২, তারিখ ঃ ২৫/০১/২০২২খ্রি. প্রাপ্ত হইয়া অদ্য ২৬/০১/২০২২খ্রি. তারিখ পূর্বাহ্নে মঙ্গলকান্দি ইসলামিয়া ফাজিল মাদরাসায় সহকারী শিক্ষক ইংরেজি পদে যোগদান করলাম।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা এই যে, আমার যোগদানপত্র গ্রহণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে আপনার সুমর্জি কামনা করছি।

বিনীত নিবেদক ঃ
নাম ঃ নাসরিন আক্তার
স্বাক্ষর ঃ [signature]
তারিখ ঃ ২৬/০১/২০২২ ইং

অদ্য যোগদানপত্র গ্রহণ করা হলো।
[signature]
26/01/2022 খ্রি.